# জুলাই সনদে যারা সই করেননি, তারাও একদিন যুক্ত হবেন: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ আশা প্রকাশ করেছেন, যারা এখনো জুলাই সনদে স্বাক্ষর করেননি, তারা ভবিষ্যতে যুক্ত হবেন। তিনি বলেন, এই সনদ বাংলাদেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে, যা গণতান্ত্রিক ও সাংবিধানিক সংস্কারের নতুন যাত্রা সূচিত করবে।

জুলাই জাতীয় সনদ স্বাক্ষর উপলক্ষে শুক্রবার (১৭ অক্টোবর) সন্ধ্যায় প্রতিক্রিয়া জানাতে গিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, “সবাই জুলাই সনদ স্বাক্ষর করেছেন। যারা দুই-একজন এখনও স্বাক্ষর করেননি, আশা করি তারাও ভবিষ্যতে করবেন। এই সনদ উন্মুক্ত রাখা হয়েছে।”

তিনি বলেন, “জুলাই সনদ বাংলাদেশের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছে। শহীদদের আত্মত্যাগ, জনগণের রক্তদান ও আকাঙ্ক্ষা—সব মিলিয়ে এটি জাতির জন্য এক ঐতিহাসিক মুহূর্ত। এই সনদের মধ্য দিয়েই গণতন্ত্র, সাংবিধানিক সংস্কার ও নতুন রাষ্ট্র কাঠামো গঠনের পথ খুলে গেছে।”

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, “এই সনদের বাস্তবায়নের মাধ্যমে একটি শক্তিশালী গণতান্ত্রিক ও সাংবিধানিক প্রতিষ্ঠানসমৃদ্ধ রাষ্ট্র গড়ে উঠবে, যেখানে সকল ক্ষেত্রে ভারসাম্য বজায় থাকবে।”

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, “নির্বাচন কীভাবে হবে, তা সংবিধানে স্পষ্টভাবে উল্লেখ আছে। এখানে বিভ্রান্তির সুযোগ নেই। তবে প্রধান উপদেষ্টা চাইলে নির্বাচনী প্রক্রিয়া নিয়ে আলোচনা হতে পারে।”